

# Handing over of 10 Broad Gauge Locomotives to Bangladesh

July 27, 2020

বাংলাদেশকে 10 টি ব্রডগেজ লোকোমোটিভ হস্তান্তর

জুলাই 27,2020

আজ একটি হস্তান্তর অনুষ্ঠানে, পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী ড. এস. জয়শংকর এবং রেল এবং বাণিজ্য ও শিল্প মন্ত্রী শ্রী পীযুষ গোয়াল ভার্চুয়ালি পতাকা নেড়ে 10 টি ব্রডগেজ লোকোমোটিভ ইঞ্জিন বাংলাদেশে প্রেরণ করলেন। এই অনুষ্ঠানে রেল প্রতিমন্ত্রী শ্রী সুরেশ অঙ্গাড়িও উপস্থিত ছিলেন। বাংলাদেশের সরকারের তরফ থেকে রেলওয়ে মন্ত্রী মহম্মদ নূরুল ইসলাম সুজান এবং পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী ড. আবুল কালাম আবদুল মোমেন লোকোমোটিভ ইঞ্জিনগুলিকে গ্রহণ করেন।

ভারত সরকারের অনুদান সহযোগিতার অধীনে এই লোকোমোটিভ ইঞ্জিনগুলির হস্তান্তর, বাংলাদেশের মহামতি প্রধান মন্ত্রী শেখ হাসিনার অক্টোবর 2019-এ ভারত সফর কালে তাকে দেওয়া গুরুত্বপূর্ণ অঙ্গীকারকে পূরণ করল। বাংলাদেশের রেলওয়ের প্রয়োজন অনুসারে এই লোকোমোটিভ ইঞ্জিনগুলিকে ভারতের তরফ থেকে উপযোগী করে তোলা হয়েছে। এই লোকোমোটিভ ইঞ্জিনগুলি বাংলাদেশের ক্রমবর্ধমান যাত্রীট্রেন এবং মালগাড়ির প্রয়োজনীয়তাকে সামাল দিতে সাহায্য করবে।

এই অনুষ্ঠানে বলতে গিয়ে, পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী ড. জয়শংকর পারস্পরিক বিশ্বাস এবং শ্রদ্ধার ভিত্তিতে ভারত-বাংলাদেশের সময় পরীক্ষিত মৈত্রীর গভীরতার কথা উপরে রেখাপাত করেছেন। তিনি তার খুশি ব্যক্ত করে বলেছেন যে, কোভিড অতিমারি দ্বিপাক্ষিক সহযোগিতার গतिकে হ্রাস করতে পারেনি এবং চলতে থাকা মুজিব বর্ষে এই রকম আরো কয়েকটি উল্লেখযোগ্য মুহূর্তের দিকে তিনি তাঁকিয়ে রয়েছেন বলেও জানিয়েছেন।

রেল এবং বাণিজ্য ও শিল্প মন্ত্রী শ্রী পীযুষ গোয়াল দ্বিপাক্ষিক বাণিজ্য এবং সংযোগকে বাড়ানোর জন্য ও দুই দেশের মধ্যে অর্থনৈতিক অংশীদারীকে আরও জোরদার করার জন্য রেলওয়ে সহযোগিতার গুরুত্ব উপরে রেখাপাত করেন।

সাম্প্রতিক কালে, সড়ক সীমান্ত পথে বাণিজ্য বিঘ্নিত হবার কারণে কোভিড 19 অতিমারির প্রভাবকে প্রশমিত করার জন্য ভারত এবং বাংলাদেশ তাদের রেল সহযোগিতাকে বৃদ্ধি করেছে। সাশ্রয়কর এবং পরিবেশ বান্ধব হবার কারণে, সীমান্ত পেরিয়ে অত্যাবশ্যক পণ্যসামগ্রী পরিবহনে রেল সাহায্য করে থাকে। উভয় পক্ষই দেখেছেন যে, জুন মাসে সবথেকে বেশী মালগাড়ি যাতায়াত করেছে। অত্যাবশ্যক পণ্য সামগ্রী এবং কাঁচামাল পরিবহনে মোট 103 টি মালগাড়ি ব্যবহৃত হয়েছে।

সম্প্রতি, পার্সেল এবং কন্টেনার ট্রেন পরিষেবাও ভারত এবং বাংলাদেশের মধ্যে যাতায়াত করেছে। এটি দ্বিপাক্ষিক বাণিজ্যের সুযোগ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করে বলে আশা করা যায়।

নিউ দিল্লি

জুলাই 27,2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.

